22/8/80

ইত্তেফাক

021

# পলিটেকনিক কারিগরি শিক্ষকদের ধর্মঘট শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (বৃহস্পতিবার) দেশের ১৭টি পলিটেকনিক ইনষ্টিটিউটে প্রায় সাড়ে ৬ শত কারিগরি শিক্ষক ধর্মঘট শুরু করিয়াছেন। ইঞ্জিনিয়ারদের পরিবর্তিত বেতন

(৮ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## পলিটেকনিক শিক্ষকদের ধর্মঘট

( ১ম পৃঃ পর )

হারের আলোকে পলিটেকনিক শিক্ষকদের বেতনের হার সংশোধন তাঁহাদের অন্যতম দাবী।

গতকাল ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউটে সকাল ৮টায় কারিগরি ছাত্ররা সাধারণ সভায় শিক্ষকদের দাবীর প্রতি সমর্থন জানান। জাতীয় ছাত্র সংসদ নেতৃবৃন্দ পৃথক বিবৃতিতে পলিটেকনিক শিক্ষকদের দাবী পূরণের আহ্বান জানাইয়াছেন। কারিগরি শিক্ষা পরিদপ্তর হইতে জনশিক্ষা পরিদপ্তরের অধীনে স্বীয় চাকুরি স্থানান্তরে ইচ্ছুক পলিটেকনিক অ-কারিগরি শিক্ষক সমিতি জানান, কারিগরি শিক্ষক সমিতির ধর্মঘটের সহিত তাঁহাদের সম্পর্ক নাই।